

হিসাব বিবরণীর টিকা

- ১। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :
 - ঋণ পরিশোধের কিছু তথ্য গত ৮/০১/০৮ খ্রিঃ প্রেরণ করা হয়েছে। ঋণ পরিশোধের সপক্ষে অডিট রিপোর্ট প্রেরণ করা হয়েছে। উক্ত তথ্যাদি যাচাই সাপেক্ষে বিধিমোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - ভেভরস এগ্রিম্যান্ট এর মাধ্যমে ঋণ হস্তান্তরের প্রেরিত তথ্যাবলী আরও পর্যাপ্ত হওয়া বাঞ্ছনীয়। প্রয়োজনীয় কাগজপত্রসহ তথ্যাবলী প্রেরণ করা হলে যথাযথভাবে হিসাবে সমন্বয় করা হবে।
- ২। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) :

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি বিধায় পুরাতন ঋণের ক্রেডিট লাইন ভিত্তিক হিসাব প্রস্তুত করা সম্ভব হয়নি। শুধু নতুন কয়েকটি ঋণের হিসাব প্রস্তুত করা হয়েছে।
- ৩। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ :

বিগত ০৪/০৭/০৬ খ্রিঃ স্মারক নং প্রঅওহিরঅ/প্রকল্প/ব্যয়/ ডিএসএল/৯৯/লুজ-১ এর মাধ্যমে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ জানায় উক্ত প্রতিষ্ঠানের কাছে সরকারের কোন ডিএসএল পাওনা নেই।
- ৪। অগ্রণী ব্যাংক লিঃ

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ২৭/০৬/০৬ খ্রিঃ স্মারক নং শিখবি/পরিসংখ্যান/৯৪/ ২০০৫ এর মাধ্যমে জানানো হয়েছে।
- ৫। সোনালী ব্যাংক :

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ২৭/০৩/০৭ খ্রিঃ স্মারক নং প্রকা/আইপি এফডি/ডিএসএল/১০৯৬ এর মাধ্যমে জানানো হয়েছে।
- ৬। রূপালী ব্যাংক লিঃ

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পূর্ণ ডিএসএল পরিশোধিত মর্মে বিগত ১৫/০৮/০৬ খ্রিঃ স্মারক নং প্রকা/শিখবি-১/ ২৭ এর মাধ্যমে জানানো হয়েছে।
- ৭। বাংলাদেশ সমবায় মহাবিদ্যালয় :
 - সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
 - বিগত ৩০/১০/০৭ খ্রিঃ স্মারক নং ২৪৮/৮৮-৯৩৬ প্রেরিত হয়েছে। যাতে উল্লেখ করা হয়েছে ১৯৮৬-'৮৭ থেকে ১৯৮৮-'৮৯ এ তিন অর্থ বছরের জন্য উন্নয়ন বাজেটের অধীন সম্পূর্ণ জিওবি অনুদানে ১৪২.৯০ লক্ষ টাকা ব্যয়ে "Project for Development of Bangladesh Co-operative College" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়িত হয়। এছাড়া প্রতিষ্ঠানের নিকট ডিএসএল বিষয়ক কোন তথ্য নেই।
 - বিষয়টি পরীক্ষাধীন আছে।
- ৮। হোটেলস ইন্টারন্যাশনাল (সোনারগাঁও) :
 - সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
 - বিগত ৩১/০১/০৭ খ্রিঃ স্মারক নং হিল/এসি-এল এন-৯(৩)৮৯-২০০৭/৮৪ এর মাধ্যমে জানানো হয় যে, ডিএসএল বাবদ প্রকৃতপক্ষে সরকারের কোন পাওনা নেই, সরকার কর্তৃক দাবীকৃত সুদ সঠিক নয়।
 - বিষয়টি পরীক্ষাধীন আছে।

- ৯। চট্টগ্রাম সিটি কর্পোরেশন :
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
- ১০। খুলনা সিটি কর্পোরেশন :
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
 - বিগত ০৮/০২/০৭ খ্রিঃ স্মারক নং এ/২০০৬-২০০৭/৫৬(১)/১৪৬ এর মাধ্যমে জানানো হয়েছে যে, খুলনা সিটি কর্পোরেশন এর সকল প্রকল্পের টাকা সরকার কর্তৃক অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।
 - বিষয়টি পরীক্ষাধীন আছে।
- ১১। রাজশাহী সিটি কর্পোরেশন :
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
 - বিগত ১৫/০৮/০৭ খ্রিঃ স্মারক নং রাসিক/ হিবি/ ডিএসএল-৬১/০৬/৩৭১ এর মাধ্যমে জানানো হয়েছে যে, খুলনা সিটি কর্পোরেশন এর কোন কোন প্রকল্পে ঋণ আবার কোন কোন প্রকল্পে অনুদান হিসেবে টাকা প্রদান করা হয়েছে।
 - বিষয়টি পরীক্ষাধীন আছে।
- ১২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড :
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে নির্ধারিত ছকে কোন তথ্য প্রেরিত হয়নি।
 - বিগত ১৮/০১/০৭ খ্রিঃ স্মারক নং পাউবো, অর্থ (উবাব)/৪০৫ মূলে জানানো হয়েছে যে, পানি উন্নয়ন বোর্ড এর ক্ষেত্রে ডিএসএল প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ডিএসএল আদায় স্থগিত থাকবে মর্মে অর্থ বিভাগের ২৭/১২/৯৯ খ্রিঃ স্মারক নং অম/অবি/উঃঃ/পাউবো-২(৯)/৯৮ এর মাধ্যমে পত্র জারী হয়েছে।
- ১৩। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন :
বিগত ২৫/০১/০৬ খ্রিঃ অনুষ্ঠিত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশক্রমে মাননীয় প্রধান মন্ত্রীর অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর ডিএসএল হিসাব অবসায়ন করা হয়েছে।